গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
**পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪**
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক) **প্রকল্পের বিবরণী:**

| | | |
|---|---|---|
| ১.০ | **প্রকল্পের নাম** | : সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন (১ম সংশোধিত) |
| ২.০ | **বাস্তবায়নকারী সংস্থা** | : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ৩.০ | **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** | : কৃষি মন্ত্রণালয় |
| ৪.০ | **প্রকল্প এলাকা** | : ৬৪টি জেলার ২৭৫ টি উপজেলা |

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টকায়)**

| অনুমোদিত ব্যয় | | মোট ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | |
|---|---|---|---|---|
| মূল | সংশোধিত | | মূল | সংশোধিত |
| ৫৩৬৭.৪৩ | ৫৮৫০.০০ | ৫৭৬২.১৭ | ০১/০৭/২০১৩ হতে ৩০/০৬/২০১৮ | ০১/০৭/২০১৩ হতে ৩০/০৬/২০১৮ |

৬.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- কৃষক মাঠ স্কুল ও আইপিএম ক্লাব স্থাপন এবং কৃষক প্রশিক্ষণের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন জোরদার করা;
- পরিবেশের কোনরুপ ক্ষতি না করে বাংলাদেশকে খাদ্য নিরাপত্তা অর্জনে সহায়তা করা;
- টেকসই ও পরিবেশ সম্মত উপায়ে কৃষকের উৎপাদন এবং আয় বৃদ্ধিতে সহায়তা করা;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জনবল উন্নয়ন করে প্রকল্পের কার্যক্রম সারা বাংলাদেশে ত্বরান্বিত করা;
- বালাইনাশকমুক্ত ফসল উৎপাদানের লক্ষ্যে সবজি ও ফলে জৈবিক বালাই ব্যবস্থাপনা কার্যক্রম জনপ্রিয় করা;
- মানসম্মত সবজি ও ফল উৎপাদনের জন্য জৈব কার্যক্রম ত্বরান্বিত করা; এবং
- নিরাপদ ফসল উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধ করা।

৭.০ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- কৃষক মাঠ স্কুল (ধান, সবজি ও ফল) স্থাপন
- প্রশিক্ষণ
- কর্মশালা/সেমিনার
- আইপিএম ক্লাব স্থাপন
- জৈব কৃষি ও জৈবিক বালাই ব্যবস্থাপনা প্রর্দশনী

৮. **পরামর্শকের কার্যপরিধি (TOR) :**

**পরামর্শকের দায়িত্বঃ**

(১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৩) ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে Output, Outcome ও Impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

(৫) প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৭) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

(৮) প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৯) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১০) প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT ANALYSIS;

(১১) উল্লেখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ;

(১২) প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন এবং

(১৩) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

৯. **ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:**

| ক্রমিক | পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১) | পরামর্শক প্রতিষ্ঠান | - | • কৃষি বিষয়ক গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা। |
| ২) | ক) টিমলিডার- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিষয়ে স্নাতকত্তোর ডিগ্রি। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সংশ্লিষ্ট বিষয়ে ১০ (দশ) বছরের গবেষণা ও সমীক্ষা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা;<br>• টিম লিডার হিসেবে কমপক্ষে ০৫টি পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজের বাস্তব অভিজ্ঞতা;<br>• সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) এবং জৈব কৃষি ও জৈবিক বালাই ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতা ;<br>• প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতা কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।। |
| | খ) কৃষিবিদ/পুষ্টিবিদ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি/পুষ্টি বিষয়ের স্নাতকত্তোর ডিগ্রি। | • কৃষি বিষয়ক গবেষণা কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>• সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) ও কৃষকদলের সাথে কাজের অভিজ্ঞতা; |

| | | | |
|---|---|---|---|
| | | | • কমপক্ষে ০৩টি পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজের বাস্তব অভিজ্ঞতা; |
| | গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি /সমাজবিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | • আর্থ-সামাজিক গবেষণা/ নিবিড় পরিবীক্ষণ/মূল্যায়ন কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| | ঘ) পরিসংখ্যানবিদ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি | • পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কিত তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

১০. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

| ক্রমিক | প্রতিবেদনের নাম ও সংখ্যা | দাখিলের সময় |
|---|---|---|
| ১. | ইনসেপশন প্রতিবেদন<br>(টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন<br>(টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন<br>(ডেসিমিনেশন কর্মশালা ৭৫ কপি) | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে |
| ৪. | চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)<br>(বাংলা ৪০ + ইংরেজী ২০) কপি | চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে |

* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ (কৃষি ও পানি সম্পদ), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font এ হতে হবে।

১১. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন/পিসিআর); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

**১২। চাহিত দলিল/পত্রাদি প্রস্তুত ও প্রেরণের সময়সীমাঃ**

| | |
|---|---|
| ক) | পরামর্শক প্রতিষ্ঠানকে RFP এর সাথে একটি action plan ও Gantt Chart দাখিল করতে হবে; |
| (খ) | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে পরামর্শক প্রতিষ্ঠানকে বিস্তারিত স্টাডি ডিজাইন ( টার্গেট গ্রুপ, রেসপন্ডেন্টস্, ডেটা কালেকশনের পদ্ধতি, ডেটা বিশ্লেষণের স্ট্যাটিস্টিক্যাল টুলস্) উল্লেখ করে একটি Inception Report দাখিল করতে হবে; |
| (গ) | পরামর্শক প্রতিষ্ঠানকে ডেটা সংগ্রহের নিমিত্ত ফিল্ড স্টাফ নিয়োগ করে প্রশিক্ষণ প্রদান করতে হবে; |
| (ঘ) | পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্প কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখবে এবং মাঠ পরিদর্শন করবে; |
| (ঙ) | পরামর্শক প্রতিষ্ঠান ডেটা সংগ্রহ, প্রসেসিং ও ডেটা বিশ্লেষণের কাজ সম্পন্ন করবে; |
| চ) | পরামর্শক প্রতিষ্ঠান সংগৃহীত ডেটার ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবে; |
| (ছ) | পরামর্শক প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ৬০ দিনের মধ্যে প্রভাব মূল্যায়ন সমীক্ষা ও স্থানীয় পর্যায়ের কর্মশালা হতে প্রাপ্ত তথ্যাদি সন্নিবেশ পূর্বক প্রথম খসড়া প্রতিবেদন (First Draft Report) দাখিল করতে হবে। |
| জ) | চুক্তি স্বাক্ষরের ৮০ দিনের মধ্যে প্রথম খসড়া প্রতিবেদন (First Draft Report) এর ওপর অনুষ্ঠিত টেকনিক্যাল ও স্টিয়ারিং সভার পরামর্শক সমূহকে অন্তর্ভুক্ত, প্রয়োজনীয় পরিবর্তন, সংশোধন ও পরিমার্জন করে দ্বিতীয় খসড়া প্রতিবেদন (Second Draft Report) উপস্থাপন করতে হবে। |
| ঝ) | চুক্তি স্বাক্ষরের ১২০ দিনের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন (final Report) দাখিল করতে হবে। |
| ঞ) | চুক্তি স্বাক্ষরের পর হতে Assignment এর সময়সীমা হবে ০৪ (চার) মাস। |

১৪/১০/২০২০

মোঃ হারুন অর রশীদ
উপ-পরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়